যায়যায়দিন

তারিখ 02 MAR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৬

জগন্নাথ ইউনিভার্সিটিতে দুই শিবির কর্মীকে পিটুনি

# ক্যাম্পাস শিবির মুক্ত করার অভিযানে নেমেছে ছাত্রদল-ছাত্রলীগ

**জগন্নাথ ইউনিভার্সিটি রিপোর্টার**

জগন্নাথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে শিবির মুক্ত করার অভিযানে নেমেছে ছাত্রলীগ ও ছাত্রদল। দেশের জরুরি অবস্থাকে পুঁজি করে শিবির ক্যাম্পাসে বিভিন্ন কর্মকাণ্ড শুরুর চেষ্টা চালালে অপর দুই শক্তিশালী সংগঠন এ অভিযান শুরু করে।

জানা যায়, বেশ কিছুদিন ধরে ছাত্রশিবির ক্যাম্পাসে লিফলেট, ক্যালেন্ডার বিতরণ করার পাশাপাশি বিভিন্ন দলীয় তৎপরতা শুরু করে। এ ঘটনায় গত শুক্রবার ছাত্রলীগ ও ছাত্রদল তাদের ধাওয়া করেছিল।

পূর্ব ঘটনার জের ধরে গতকাল সকালে ছাত্রলীগ সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ ও ছাত্রদলের সাধারণ সম্পাদক আনিছুর রহমান খোকনের নেতৃত্বে দুই দলের নেতাকর্মীরা ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। সকাল ১১টার দিকে ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীরা ছোট ছোট গ্রুপে বিভক্ত হয়ে প্রতিটি বিভাগে অভিযান চালিয়ে শিবির কর্মী ধরার চেষ্টা চালায়। শহীদ মিনার চত্বর থেকে শিবিরের বহিরাগত কর্মী রহমত উল্লাকে ধরে পিটুনি দেয়। পরে ক্যাম্পাসে অবস্থানরত পুলিশ তাকে উদ্ধার করে।

দুপুর ১২টায় ছাত্রলীগ ক্যাম্পাসে শোডাউন করে। এ সময় ছাত্রলীগের সাধারণ সম্পাদক গাজী আবু সাঈদ, কেন্দ্রীয় সহ-সভাপতি ক্যামেল ঢালী, সৈকত বিন আকবর ও মোঃ ফারুক হোসেন উপস্থিত ছিলেন।

দুপুর সাড়ে ১২টার দিকে ছাত্রদল সহ-সভাপতি শেখ আজিজ ও সাংগঠনিক সম্পাদক এমরান হোসেন মানিকের নেতৃত্বে কয়েকশ নেতাকর্মী আরেকটি শোডাউন করে। এ সময় অন্যান্যের মধ্যে কামরুল হাসান তালুকদার, মতিউর রহমান মাছুম, রাজীব রহমান, মহাসিন, মহিউদ্দিন মৃধা, এলিন প্রমুখ উপস্থিত ছিলেন।

ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি মাহমুদ হাসান রিপন মোবাইল ফোনে জানান, শিবির দেশের প্রতিটি ক্যাম্পাসে অরাজকতা সৃষ্টি করছে। সুতরাং তাদের